

Class – 3

Subject – 2nd Language Bengali

Chapter – গল্প – আবদুল মাঝির গল্প

গল্পের নাম – আবদুল মাঝির গল্প

লেখকের নাম – রবীন্দ্রনাথ ঠাকুর

গল্পের বিষয়বস্তু:-

মাঝি শব্দের অর্থ – নৌকা চালক (অর্থাৎ যিনি নৌকা চালান) ।

আবদুল মাঝি গল্পটিতে লেখক প্রথমে আবদুল মাঝির চেহারার বর্ণনা করেছেন অর্থাৎ আবদুল মাঝিকে দেখতে কেমন তার বর্ণনা করেছেন লেখক। আবদুল মাঝি দাড়ি তার ছুঁচলো, গোঁফ তার কামানো এবং মাথা তার নেড়া।

আবদুল মাঝি লেখকের দাদাকে পদ্মা থেকে ইলিশ মাছ এবং কচ্ছপের ডিম এনে দিতেন।

আবদুল মাঝি গল্পটিতে, আবদুল মাঝি লেখককে কয়েকটি মজার গল্প বলেছিলেন। প্রথমে তিনি লেখককে চন্ডির মাসের (চৈত্র মাসের) কালবৈশাখী ঝড়ের দিনের একটি গল্প বলেছিলেন। তিনি বলেছিলেন চৈত্র মাসের শেষে, একদিন প্রচণ্ড ঝড় বৃষ্টির মধ্যে তিনি নদীতে ডিঙি (ছোটো নৌকা) নিয়ে মাছ ধরতে গিয়েছিলেন। হঠাৎ কালবৈশাখী এসে যাওয়ায় তিনি নদীতে ডুবন্ত নৌকাটিকে দাঁতে রশি (দড়ি) চেপে ধরে টেনে নিয়ে গিয়ে চরে তুলেছিলেন।

এরপর আবদুল মাঝি, লেখককে এক নেকড়ে বাঘের গল্প বলেছিলেন। তিনি বলেছিলেন একটি নেকড়ে বাঘ, ইয়া তার গোঁফজোড়া। ঝড়ের সময় নেকড়ে বাঘটি ওপারে গঞ্জের (হাটের) ঘাটে, পাকুড় গাছে (অশ্বথ গাছে) উঠেছিল। দমকা হাওয়ায় গাছটি ভেঙে পড়ে পদ্মা নদীর জলে এবং নেকড়ে বাঘটি ভেসে যায় জলের তোড়ে (জলের স্রোতের বেগ বা ধাক্কা)। তারপর বাঘটি খাবি খেতে খেতে চরে (নদীগর্ভে নরম মাটি পড়ে উৎপন্ন স্থলভাগ) এসে ওঠে এবং আবদুল মাঝিকে দেখতে পেয়ে তাকে খেতে যায়। তখন আবদুল মাঝি রশি দিয়ে ফাঁস বানিয়ে নেকড়ে বাঘটির গলায় আটকে দেয় এবং বাঘটিকে ডিঙির সঙ্গে জুড়ে দিয়ে তাকে দিয়ে গুণ (নৌকা টেনে নিয়ে যাওয়ার দড়ি) টানিয়ে, তার পেটে দাঁড়ের (নৌকার বড় বৈঠা, যা বেঁধে নিয়ে নৌকা চালাতে হয়) খোঁচা দিতে দিতে, দশ-পনেরো ঘণ্টার দূরত্ব বাহাদুরগঞ্জ দেড় ঘণ্টায় পৌঁছে যান।

সবার শেষে আবদুল মাঝি লেখককে এক কুমিরের গল্প বলেছিলেন। তিনি বলেছিলেন একদিন কাঁচি বেদেনি ডাঙায় বসে দা দিয়ে বাখারি চাঁচছিল এবং তার একটি ছাগল ছানা পাশে বাঁধা ছিল। হঠাৎ একটি কুমির নদী থেকে উঠে এসে তার ছাগল ছানার ঠ্যাং (পা) ধরে নদীর জলে টেনে নিয়ে যাচ্ছিল। কাঁচি বেদেনি বুঝতে পেয়ে এক লাফ দিয়ে কুমিরের পিঠের ওপর বসে দা দিয়ে কুমিরের গলায় পোঁচের পর পোঁচ লাগিয়েছিল। তারফলে কুমিরটি ছাগল ছানাকে ছেড়ে দিয়ে জলে ডুবে গিয়েছিল।

Work Sheet

1. সঠিক উত্তরে টিক (✓) চিহ্ন দাও:-

I) আবদুল মাঝি গল্পটির লেখকের নাম কী—

- i) স্বামী বিবেকানন্দ
- ii) রবীন্দ্রনাথ ঠাকুর

II) মাঝি শব্দের অর্থ কী—

- i) নৌকা চালক
- ii) বাস চালক

III) কালবৈশাখী কখন এসেছিল—

- i) চৈত্র মাসে
- ii) মাঘ মাসে

IV) কে জলের তোড়ে ভেসে গিয়েছিল—

- i) আবদুল মাঝি
- ii) নেকড়ে বাঘ

V) আবদুল মাঝি লেখককে মোট কয়টি গল্প বলেছিলেন—

- i) পাঁচটি
- ii) তিনটি

2. বামদিকের শব্দগুলির সাথে ডানদিকের শব্দগুলি গল্প অনুযায়ী জুড়ে দাও:-

- | | |
|--|------------------------|
| I) সে দাদাকে এনে দিত পদ্মা থেকে ইলিশ মাছ | পাকুড় গাছে |
| II) ঝড়ের সময় সে উঠেছিল ওপারে গঞ্জের ঘাটে | পেটে দিই দাঁড়ের খোঁচা |
| III) দমকা হাওয়া যেমনি লাগল | আর কচ্ছপের ডিম |
| IV) গোঁ গোঁ করতে থাকে | মোকাবিলা করা যেত |
| V) বন্দুক থাকলে | গাছ পড়ল ভেঙে পদ্মায় |

3. শূন্যস্থান পূরণ কর:-

- I) ভীষণ _____ নৌকো ডোবে ডোবে।
- II) দেখি এক নেকড়ে বাঘ ইয়া তার _____ ।
- III) দশ-পনেরো ঘণ্টার রাস্তা _____ ঘণ্টায় পৌঁছিয়ে দিলে।
- IV) জলের উপর তার _____ ডগা দেখেছি অনেকবার।
- V) _____ ফুরিয়ে গেছে।

4. সংক্ষিপ্ত উত্তর দাও:-

I) আবদুল মাঝি গল্পে, আবদুল মাঝিকে দেখতে কেমন ছিল?

Ans: -

II) আবদুল মাঝি লেখকের দাদাকে কী এনে দিতেন?

Ans: -

III) আবদুল মাঝি নদীতে ডুবন্ত নৌকাটিকে কীভাবে চরে টেনে তুলে ছিল?

Ans: -

IV) আবদুল মাঝি গল্পে, ঝড়ের সময় নেকড়ে বাঘটি কোথায় উঠেছিল?

Ans: -

V) আবদুল মাঝি গল্পে, কে কুমিরের পিঠে এক লাফ দিয়ে বসেছিল?

Ans: -

5. নীচের শব্দগুলির অর্থ লেখো:-

শব্দ	অর্থ
I) চন্ডি়র মাস	
II) ডিঙি	
III) তুফান	
IV) গুণ	
V) ঠ্যাং	
VI) বিচ্ছিরি	
VII) আও	
VIII) রশি	
IX) গঞ্জ	
X) কাছি	

6. নীচের শব্দগুলি দিয়ে বাক্য রচনা কর:-

I) বই -

II) ফুল -

III) সূর্য -

IV) মেঘ -

V) রাত্রি -

7. নীচের শব্দগুলির বিপরীত শব্দ লেখো:-

<u>শব্দ</u>		<u>বিপরীত শব্দ</u>
I)	গ্রাম	
II)	জল	
III)	তরল	
IV)	সার্থক	
V)	পল্লিত	
VI)	ধনী	
VII)	যুদ্ধ	
VIII)	আসল	
IX)	ভালো	
X)	ইচ্ছা	
